

হাতে আসার আগেই মৃত্যু) তার প্রাণ বন্ধ করে দেয়। সকলের চোখ এড়িয়ে আচমকা হাসপাতালের জানালা দিয়ে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করে সে। এই ঘটনার পর শুধু দিল্লিতে নয় বাংলাতেও হাসপাতালগুলিতে বাড়ানো হয়েছে পুলিশি নজরদারি।

এই রোগ একেবারেই নতুন। যা নিয়ে সমাজের সর্বত্র বিভিন্ন প্রকারের খবর ছড়িয়ে পড়ছে। মূলত অজানা তথ্য থেকেই মানব মনে অকারণ আশঙ্কা বাড়তে থাকে। গুজব এড়িয়ে চলাই শ্রেয় বলে উল্লেখ করেন শহরের বিশিষ্ট

হাসপাতালে কোয়ারেন্টাইন সোশ্যাল নেটওয়ার্কিং সংযোগ রক্ষা করে চলতে দ্রুত আরোগ্য লাভ করে চিকিৎসক। পরিজন বন্ধু চাপ কমবে। এবং রোগি চলাকালীন রোগিকে হ বলে জানাচ্ছেন ক্লিনিক্যাল

শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ, অনলাইন পঠনপাঠনে উদ্যোগী নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিনিধি- সরকারি নির্দেশিকা অনুযায়ী আপাতত ৩১ মার্চ পর্যন্ত রাজ্যের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের মতো বন্ধ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়। কিন্তু পড়াশোনা যাতে ব্যাহত না হয় সেজন্য অনলাইনে পড়াশোনা করার ব্যবস্থা করল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। একটি নোটিশ জারি করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফে ডিরেক্টর অনির্বাণ ঘোষ জানান, ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে লগ ইন করে শুনতে পারবেন অনলাইন লেকচার। এই বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের সহকারী অধ্যাপক অরিজিৎ ঘোষ জানান, ইতিমধ্যেই বেশিরভাগ কোর্সের বিষয়ভিত্তিক অডিও ভিসুয়াল ক্লিপিংস তৈরি করা হয়েছে, যেখানে অধ্যাপকের বিষয়ের ওপর বক্তব্য রাখছেন। ছাত্রছাত্রীদের সুবিধার্থেই এই পদক্ষেপ বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শুধু তাই নয়, যদি ছাত্রছাত্রীদের কোনও প্রশ্ন থাকে সেক্ষেত্রে ফেসবুকে বিভাগীর অধ্যাপককে প্রশ্ন করতে পারবেন তাঁরা, এমনটাও জানান অরিজিৎবাবু।